# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

## Bengali Text Bulletin

**Date 15-11-2025 Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) ভোটার তালিকায় বিশেষ নীবিড় সংশোধন কর্মসূচী এস আই আর নিয়ে আজ বিভিন্ন জেলার নির্বাচনী আধিকারিদের সঙ্গে জরুরী বৈঠক করেছেন, রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ আগরওয়াল।

রাজ্যে এস আই আর-এর কাজের অগ্রগতি পর্যালোচনা এবং নির্বাচন কেন্দ্রীক অন্যান্য কর্মসূচীতে যোগ দিতে নির্বাচন কমিশনের একটি প্রতিনিধি দল ১৮ তারিখ এরাজ্যে আসছেন।

২) রাজ্যে নির্বাচন বুলেটে নয়, ব্যালটে হওয়া উচিত বলে মন্তব্য করেছেন রাজ্যপাল সি ভি আনন্দ বোস।

৩) একাদশ ও দ্বাদশ শ্রেণীর শিক্ষক নিয়োগের ইন্টারভিউতে ডাক পাওয়া প্রার্থীদের তালিকা আজ প্রকাশ করেছে স্কুল সার্ভিস কমিশন।

৪) শিলিগুড়ির স্যালেশিয়ান কলেজে দু-দিনের রোজগার মেলা আজ শুরু হয়েছে।

৫) স্বাধীনতা সংগ্রামী, আদিবাসী নেতা ধরতিআবা বীরসা মুন্ডার জন্মদিন আজ জনজাতীয় গৌরব দিবস হিসেবে উদযাপিত হচ্ছে।

৬) ইডেনে প্রথম ক্রিকেট টেস্টের দ্বিতীয় দিনের শেষে দক্ষিণ আফ্রিকা তাদের দ্বিতীয় ইনিংসে ভারতের চেয়ে ৬৩ রানে এগিয়ে।

oooooooooooooooooooooo

ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধন কর্মসূচী SIR নিয়ে আজ বিভিন্ন জেলার নির্বাচনী আধিকারিকদের সঙ্গে জরুরি বৈঠকে বসেছেন রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল। বিকেল ৫ টা থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে এই বৈঠকে অংশ নিয়েছেন ভারতের নির্বাচন কমিশনের প্রতিনিধিরাও।

এদিকে, সবকটি জেলার নির্বাচনী আধিকারিকদের আজকের মধ্যে SIR ফর্ম বণ্টনের কাজ শেষ করতে নির্দেশ দেওয়া হয়েছে। আজকের বৈঠকে নিখোঁজ ভোটার এবং মৃত ভোটারদের তালিকা তৈরি করতে গিয়ে যে ধরণের সমস্যাগুলি উঠে এসেছে সেগুলি নিয়ে আলোচনা হয়েছে। বুথ লেভেল অফিসারদের তরফ থেকে ওঠা একাধিক অভিযোগ নিয়ে বৈঠকে আলোচনা হয়েছে।

এদিকে, আজ সন্ধ্যা ৬-টা পর্যন্ত রাজ্যে ৭ কোটি ৫৫ লক্ষ এন্যুমারেশন ফর্ম বন্টন করা হয়েচে বলে জানা গেছে।

এদিকে SIR এর কাজে ডেটা এন্ট্রি না করার দাবীতে আজ রাজ্যের বিভিন্ন প্রান্তে বিক্ষোভ দেখিয়েছেন BLO দের একাংশ। শিলিগুড়ির দীনবন্ধু মঞ্চে ডেটা এন্ট্রির প্রশিক্ষণ শিবির চলাকালীন স্লোগান দিতে দিতে শিবির ছেড়ে বেরিয়ে আসেন অনেকেই। বিএলওদের অভিযোগ, দিনের পর দিন বাড়তি চাপ দেওয়ার ফলে তাঁদের স্বাভাবিক জীবন ব্যহত হচ্ছে। এতো দ্রুত প্রশিক্ষন নেওয়া সম্ভব নয় বলে অভিযোগ তুলে হাওড়ার টিকিয়াপাড়ার প্রশিক্ষন কেন্দ্রে বিক্ষোভ দেখান বিএলও-রা। মুর্শিদাবাদের কান্দি-তেও বিক্ষোভ দেখিয়েছেন BLO-দের একাংশ।

oooooooooooooooooooo

রাজ্যে ভোটার তালিকার বিশেষ নীবিড় সংশোধনী কাজের অগ্রগতির পর্যালোচনা এবং বিধানসভা নির্বাচনে বৈদ্যুতিন ভোট যন্ত্র, ইভিএম-এর পরীক্ষা-নিরীক্ষা কর্মসূচীতে যোগ দিতে নির্বাচন কমিশনের একটি প্রতিনিধি দল আগামী ১৮ তারিখ রাজ্যে আসছেন। সিনিয়র ডেপুটি ইলেকশন কমিশনার জ্ঞানেশ ভারতীর নেতৃত্বে এই প্রতিনিধি দলে রয়েছেন, প্রিন্সিপাল সেক্রেটারি এস বি যোশী, মলয় মল্লিক, ডেপুটি সেক্রেটারি অভিনব আগরওয়াল। নির্বাচন কমিশনের দলটি কলকাতার উত্তর ও দক্ষিণ, দক্ষিণ ২৪ পরগনা, নদীয়া, মুর্শিদাবাদ এবং মালদায় এস আই আর-এর কাজের পর্যালোচনা করবেন।

রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল এবং কলকাতা উত্তর ও দক্ষিণ জেলার নির্বাচনী আধিকারিকদের সঙ্গেও তারা বৈঠক করবেন। এরপর দলটির ৪ জেলায় সফর করার কথা।

আগামী ২১-শে নভেম্বর ইভিএম-এর ফাস্ট লেভেল চেকিং কর্মশালায় রাজ্যের ২৪ জন জেলা নির্বাচনী আধিকারিক যোগ দিচ্ছেন। এর জন্য নির্বাচন কমিশনের আর একটি প্রতিনিধি দল আগামী বিশে নভেম্বর রাজ্যে আসছে।

oooooooooooooooooooo

রাজ্যে নির্বাচন বুলেটে নয়, ব্যালটে হওয়া উচিত বলে রাজ্যপাল সি ভি আনন্দ বোস মন্তব্য করেছেন। আজ রাজভবনে জনজাতীয় গৌরব দিবসের একটি অনুষ্ঠানে যোগ দিয়ে তিনি বলেন, রাজ্য থেকে দুর্নীতি এবং হিংসা দূর করা গেলে, তবেই পশ্চিমবঙ্গ তার প্রকৃত গৌরব ফিরে পাবে। নির্বাচনী প্রক্রিয়ায় স্বচ্ছতা রক্ষায় কমিশনকে শক্ত হাতে ব্যবস্থা নিতে হবে বলে রাজ্যপাল মন্তব্য করেন।

(বাইট – রাজ্যপাল)

০০০০০০০০০০০০০০০০০০০০০

মহিলা মুখ্যমন্ত্রীর দ্বারা পরিচালিত হলেও এরাজ্যে মহিলারাই সব থেকে বেশি নিপীড়িত বলে বিজেপি অভিযোগ করেছে। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্য সাধারণ সম্পাদক লকেট চট্টোপাধ্যায় বলেন, মুখ্যমন্ত্রী লক্ষ্মীর ভাণ্ডার প্রকল্পের টাকা বাড়ালেও মহিলাদের নিরাপত্তা নিশ্চিত করতে পুরোপুরি ব্যর্থ।

০০০০০০০০০০০০০০০০০০০০০

কোচবিহারের দিনহাটায় বিজেপির জেলা সম্পাদক অজয় রায়ের গ্রেফতারির প্রতিবাদে জেলার বিজেপি বিধায়করা এদিন কোচবিহার জেলা পুলিশ সুপারের সঙ্গে সাক্ষাৎ করেছেন। শুধুমাত্র বিজয় মিছিল করার অপরাধে মন্ত্রী উদয়ন গুহের নির্দেশে এই গ্রেফতারি। উত্তরবঙ্গ উন্নয়নমন্ত্রী উদয়ন গুহ তার বিরুদ্ধে ওঠা অভিযোগ খারিজ করেছেন।

উল্লেখ্য, অজয় রায়ের ৪ দিনের জেল হেফাজতের নির্দেশ দিয়েছে দিনহাটা মহকুমা আদালত।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতার এজরা স্ট্রীটে বৈদ্যুতিক সামগ্রির দোকান ও গুদামে লাগা আগুন এখন নিয়ন্ত্রণে। পুরোপুরি আগুন নেভানোর কাজ করছেন দমকলকর্মীরা। আগে জানানো হয়েছে, ১৭ নম্বর এজরাস্ট্রীটের একটি ইলেক্ট্রিক্যাল সামগ্রীর দোকানের দ্বিতীয়তলে আজ ভোর পাঁচটা নাগাদ বিধ্বংসী আগুন লাগে। ঘটনাস্থলে যান দমকলমন্ত্রী সুজিত বসু এবং পুরমন্ত্রী তথা কলকাতার মেয়র ফিরহাদ হাকিম। বে-আইনী নির্মাণ হলে, তার বিরুদ্ধে পুরসভা উপযুক্ত ব্যবস্থা নেবে বলে ফিরহাদ হাকিম জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০

এজরা স্ট্রীটে অগ্নিকাণ্ডস্থল আজ ঘুরে দেখেন প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার। কথা বলেন ক্ষতিগ্রস্তদের সঙ্গে। দলের পক্ষ থেকে অভিযোগ করা হয়েছে, যে বাড়িটিতে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে সেটি বেআইনি ভাবে নির্মিত হয়েছে ।

০০০০০০০০০০০০০০০০০০০০০

একাদশ ও দ্বাদশ শ্রেণির শিক্ষক নিয়োগের ইন্টারভিউয়ে ডাক পাওয়া প্রার্থীদের তালিকা আজ প্রকাশ করেছে স্কুল সার্ভিস কমিশন। নথিপত্র যাচাইয়ের পর ইন্টারভিউ হবে। এসএসসি কর্তৃপক্ষ আগেই জানিয়েছিল আগামী ১৭ তারিখ থেকে নথি যাচাইয়ের প্রক্রিয়া শুরু হবে। কেন্দ্রীয়ভাবে নথি যাচাই হলেও আঞ্চলিক দপ্তরে ইন্টারভিউ হবে। গত ৭ নভেম্বর একাদশ ও দ্বাদশ শ্রেণির জন্য শিক্ষক নিয়োগ পরীক্ষার ফলপ্রকাশ করেছে এসএসসি। প্রার্থীরা প্রাপ্ত নম্বর জানতে পেরেছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০

শিলিগুড়ির স্যালেসিয়ান কলেজে দুদিনের রোজগার মেলা আজ শুরু হয়েছে । এই মেলায় ভারতের ৫০ টি কোম্পানিতে বারো হাজার কর্মী নিয়োগ করা হবে বলে খবর ।প্রথম দিনে আজ উপস্থিত ছিলেন জলপাইগুড়ির সাংসদ ডাক্তার জয়ন্ত কুমার রায়, রাজ্যসভার সাংসদ হর্ষবর্ধন শ্রীংলা, বিজেপির রাজ্য সভাপতি, শমীক ভট্টাচার্য প্রমুখ । রাজ্যপাল সি ভি আনন্দ বোস আগামীকাল রোজগার মেলায় সফল প্রার্থীদের হাতে নিয়োগপত্র তুলে দেবেন।

অনুষ্ঠানে রাজ্য বিজেপি সভাপতি বলেন, বিহারে নির্বাচন সম্পন্ন হয়েছে কোন রক্তপাত ছাড়াই । অনুপ্রবেশকারী, রোহিঙ্গাদের দিয়ে ভোট করালে পশ্চিমবঙ্গ তাদের হাতেই চলে যাবে বলে মন্তব্য করেন শমীকবাবু।

(বাইট – শমীক)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

স্বাধীনতা সংগ্রামী, আদিবাসী নেতা ধরতি আবা বীরসা মুন্ডার জন্মদিনটি আজ জনজাতীয় গৌরব দিবস হিসাবে উদযাপিত হচ্ছে। আদিবাসী সমাজের ইতিহাসকে স্বীকৃতি দিতে, কেন্দ্রীয় সরকার ১৫ নভেম্বর দিনটি জনজাতীয় গৌরব দিবস হিসেবে পালনের সিদ্ধান্ত নেয়। এর অঙ্গ হিসাবে বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠান, কর্মসূচি, প্রদর্শনী এবং শিক্ষামূলক কর্মসূচীর মাধ্যমে পালন করা হবে জনজাতীয় গৌরব সপ্তাহও।

এরাজ্যেও দিনটি যথাযোগ্য মর্যাদায় পালন করা হচ্ছে। এই উপলক্ষে রাজ্য সরকারের উদ্যোগে ১৫ টি জেলার ১০২ টি আদিবাসী প্রধান ব্লকে আজ শুরু হয়েছে জয় জোহর মেলা। চলবে ১৭ ই নভেম্বর পর্যন্ত। এই উপলক্ষে আদিবাসী মানুষজনকে বিভিন্ন সরকারি পরিষেবা প্রদান ও সেই সংক্রান্ত সচেতনতামূলক প্রদর্শনীর আয়োজন করা হয়েছে। রাজ্য সরকার বিরসা মুন্ডার জন্মদিনে আজ ছুটি ঘোষণা করেছে।

রাজ্যপাল সি ভি আনন্দ বোস ও মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী ধরতি আবার সার্ধ শত জন্মবার্ষিকীতে তাঁর প্রতি শ্রদ্ধা জানিয়েছেন।

কলকাতার রাজ্যভবনেও আজ একটু অনুষ্ঠানের আয়োজন করা হয়।

০০০০০০০০০০০০০০০০০০০

পূর্ব রেলের আমঘাটা এবং কৃষ্ণনগরের মধ্যে আজ ইএমইউ ট্রেনের যাত্রার সূচনা হয়েছে। সাংসদ জগন্নাথ সরকার আমঘাটা স্টেশনে পতাকা নাড়িয়ে ট্রেনের যাত্রার সূচনা করেন। আগামী ১৭-ই নভেম্ব থেকে এই শাখায় তিন জোড়া ট্রেন

চলাচল করবে। এদিনের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অ্যাডিশনাল ডিআরএম ইনফ্রা রাজেশ কুমার ।

উল্লেখ্য, ব্রডগেজে রূপান্তরিত হওয়ার পর এই লাইনে ইএমইউ ট্রেন পরিষেবার সূচনা হলো।

oooooooooooooooooooo

আগামীকাল ভোর পাঁচটা থেকে রাত ন'টা পর্যন্ত এই সেতুর উপর দিয়ে কোন যানবাহন চলাচল করবে না বলে কলকাতা পুলিশের তরফে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে। এই সময় সেতুর উপর দিয়ে চলাচলকারী সব ধরনের যানবাহন বিকল্প পথে ঘুরিয়ে দেওয়া হবে।

oooooooooooooooooooooo

কলকাতায় দুদিন ব্যাপী ৬৭ তম আকাশবাণী সংগীত সম্মেলন এর সূচনা হলো আজ ভারতীয় জাদুঘরের আশুতোষ জন্ম শতবার্ষিকী প্রেক্ষাগৃহে। ভারতীয় লোকসংস্কৃতি ও শাস্ত্রীয় ধারার নানা দিক সরাসরি শ্রোতাদের কাছে পৌঁছে দিতে এই সংগীত সম্মেলন অনুষ্ঠিত হয়ে আসছে।

অনুষ্ঠানে বাঁশি পরিবেশন করেন পন্ডিত সুদীপ চট্টোপাধ্যায়।

খেয়াল ও ঠুংরি পরিবেশন করেন সাবিনা মুমতাজ ইসলাম।

সেতার পরিবেশন করেন পন্ডিত অসীম চৌধুরী।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আকাশবাণীর ও দূরদর্শনের পূর্বাঞ্চলীয় অতিরিক্ত মহা নির্দেশক, ব্রডকাস্ট অপারেশন, ধ্রুব নন্দ এবং আকাশবাণী ও দূরদর্শনের অতিরিক্ত মহা নির্দেশক, কনটেন্ট অপারেশন, রাজীব ভট্টাচার্য।

oooooooooooooooooooo

ইডেনে প্রথম ক্রিকেট টেস্টে ভারতের বিরুদ্ধে দক্ষিণ আফ্রিকা ৬৩ রানে এগিয়ে রয়েছে। আজ উত্তেজনাপূর্ণ দ্বিতীয় দিনে ভারতের প্রথম ইনিংস চা পানের বিরতির আগে ১৮৯ রানে শেষ হয়ে যায়। এরপর দক্ষিণ আফ্রিকা দ্বিতীয় ইনিংসে ব্যাট করতে নেমে প্রথম থেকেই ব্যাটিং বিপর্যয়ের শিকার হয়। দিনের শেষে তারা ৭ উইকেটে ৯৩ রান করেছে।

একটি প্রতিবেদন

(ভয়েসকাস্ট – অরিজিত)

০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০